২২/১১/২১
সোমবার

উপজেলা পরিষদ
বালাগঞ্জ, সিলেট

**অক্টোবর /২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ২৭তম সাধারণ সভার কার্যবিবরণি**

সভাপতি : জনাব মো: মোস্তাকুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ,সিলেট
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বালাগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময় : ১৮ অক্টোবর ২০২১ সকাল : ১১.৩০ ঘটিকা
(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' দ্রস্টব্য)

শোক প্রস্তাব: শোক প্রস্তাবঃ জনাব আনহার মিয়া, চেয়ারম্যান বোয়ালজুড় ইউপি ,বালাগঞ্জ এর পিতা আলহাজ্ব আব্দুল খালিক গত ১২ অক্টোবর ২০২১ তারিখে মৃত্যু বরণ করায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ শোক প্রস্তাব উত্থাপন করেন। সভায় তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে আত্মার মাগফেরাত কামনা করা হয়। সভায় শোক প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভার প্রারম্ভে সিলেট-৩ (বালাগঞ্জ-ফেঞ্চুগঞ্জ-দক্ষিণ সুরমা) আসনের মাননীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব হাবিবুর রহমান মহোদয়কে উপজেলা পরিষদের পক্ষ হতে শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। অত:পর সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভার কাজ পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণি ধারাবাহিকভাবে পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণির কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ সভায় নিয়মিত ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে একবার ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি স্বাক্ষরিত হওয়ার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট ইউপি চেয়ারম্যানগণ প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত পরিপত্র/ সার্কুলার | কোন সার্কুলার /পরিপত্র পাওয়া যায়নি। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল |
| উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা | ক) বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) ২০২১-২০২২ অর্থবছরে গৃহীত ও অনুমোদিত প্রকল্প সমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।<br>সিদ্ধান্ত : ২০২১-২০২২ অর্থবছরে গৃহীত প্রকল্প সমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) হতে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গৃহীত ও অনুমোদিত প্রকল্প সমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।<br>সিদ্ধান্ত : ২০২১-২০২২ অর্থবছরে ইউজিডিপি হতে গৃহীত ও অনুমোদিত প্রকল্প সমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উপজেলা কমিটির কোন সুপারিশ/প্রকল্প প্রস্তাব নেই। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউডিএস,জাইকা প্রকল্প/ ইউপি চেয়ারম্যান (সকল), বালাগঞ্জ |
| উপজেলা পরিষদের উপদেষ্টা তথা মাননীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা | সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য এর অক্টোবর/২০২১ মাসে উপস্থাপনযোগ্য কোন প্রস্তাব/সুপারিশ নেই। | সকল দপ্তর |

| | | |
|---|---|---|
| নিয়মিত রাজস্ব ব্যয় | জনাব হেলাল আহমদ, গাড়ি চালককে উপজেলা পরিষদের আগস্ট/২১ মাসের জ্বালানী বাবদ ২০,১৫৫/-(বিশ হাজার একশত পঞ্চান্ন) টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় সভায় অনুমোদন করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ |
| বিবিধ | (ক) উপজেলা পরিষদের পরিস্কার পরিচ্ছন্নতার কাজে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে একজন সুইপার নিয়োগের বিধান থাকলেও তহবিল অপর্যাপ্ততার কারণে অস্থায়ী ভিত্তিতে সুইপার নিয়োগ করা যাচ্ছে না। সভায় সুইপার নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৩(ত) অনুচ্ছেদ প্রতিপালন পূর্বক জনস্বাস্থ্য বিবেচনায় সপ্তাহে দুইদিন একজন সুইপার দৈনিক চুক্তিতে উপজেলা পরিষদের পরিস্কার পরিচ্ছন্নতার কাজ সম্পন্নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) জনাব সুনুর আলী মালী হিসেবে দৈনিক মজুরী ভিত্তিতে উপজেলা পরিষদে অস্থায়ীভাবে নিয়োগ করা হয়েছে। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ০৯ নভেম্বর ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৫.০০৪ ১২(অংশ) -৮৮৩ নং স্মারকে দক্ষ মালি ও সুইপার ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা এবং অদক্ষ মালি ও সুইপার ৫০০/ (পাঁচশত) টাকা নির্ধারণ করে অফিস আদেশ জারী করা হয়েছে। পত্রটি সভায় উপস্থাপন করা হয়।<br>সিদ্ধান্তঃ জনাব সুনুর আলী, মালি কে উপস্থাপিত পত্রের নির্দেশ মোতাবেক দক্ষ মালি বিবেচনায় =৫৫০/- পাঁচশত পঞ্চাশ) টাকা দৈনিক মজুরী পত্র জারীর সময় হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা শিক্ষা কর্মকর্তা, বালাগঞ্জ সভায় চক দৌলতপুর, দক্ষিণ গহরপুর এবং বালাগঞ্জ আর্দশ সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের ভবনের কাজ দ্রুত সম্পন্ন না হওয়ায় শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। তিনি ভবন সমূহের কাজ দ্রুত সম্পন্নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত: দ্রুততম সময়ে জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট বিদ্যালয়ের ভবনসমূহের কাজ সম্পন্নের পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে বলেন বর্তমানে মহিষ পালনের হার হ্রাস পেয়েছে। তিনি মহিষ পালন উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : মহিষ পালন উন্নয়ন প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন-২০১৩' এর ২৩ ধারা অনুযায়ী উপজেলা পর্যায়ে কমিটি গঠিন করা হয়েছে। Autism এবং Neurodevelopmental Disorders বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করতে কমিটির সকল সদস্যগণ সহ জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হয়। কমিটিকে কার্যকর করার লক্ষ্যে কমিটির সদস্য সচিব উপজেলা সমাজসেবা অফিসার-কে নিয়মিত কমিটির সভা আহবান করণে অনুরোধ করা হয়।<br>সিদ্ধান্ত : উপজেলা কমিটির নিয়মিত সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট সকল/ উপজেলা সমাজসেবা অফিসার |

**মাননীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদের উপদেষ্টার বক্তব্য :** মাননীয় সংসদ সদস্য সিলেট-৩ সভায় জানান, বাংলাবাজার-তাতাসন রাস্তার টেন্ডার হয়েছে, বড়ভাগা নদীর উপর ব্রীজ নির্মাণে আগামী এক সপ্তাহের মধ্যে মাটি পরীক্ষা হবে, কুশিয়ারা ডাইকের টেন্ডার শীর্ঘই হবে এবং ডিসেম্বর উক্ত ডাইকের কাজ শুরু হবে। তাছাড়া কুশিয়ারা নদীর উপর ব্রীজ নির্মাণের বিষয়ে আলোচনা চলছে। তিনি উপজেলা পরিষদের পুকুরসহ পাড় সংস্কার, ঈদগাহ এবং বালাগঞ্জ একটি পার্ক করার আগ্রহবাদ ব্যক্ত করেন। বালাগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়নে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

**সভাপতির সমাপনী বক্তব্য :** সভাপতি বর্তমান করোনা পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্যবিধি মেনে অর্পিত দায়িত্ব পালনের আহ্বান জানান। তিনি উপজেলা কমিটির সভা নিয়মিত আহবান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন। তিনি বালাগঞ্জ উপজেলার সার্বিক পরিস্থিতি মোকাবেলা ও উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোস্তাকুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বালাগঞ্জ,সিলেট
Email.ucbalaganj@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১০৮.০০৬.১৬.০৮৬.২১- ৪৪৪(৫০)

তারিখ : ১৮ অক্টোবর ২০২১

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। কমিশনার, সিলেট বিভাগ
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ
০৪। জেলা প্রশাসক, সিলেট
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ , বালাগঞ্জ, সিলেট
০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। উপজেলা ..................................কর্মকর্তা, বালাগঞ্জ, সিলেট
০২। চেয়ারম্যান....................................ইউপি (সকল), বালাগঞ্জ, সিলেট
০৩। জনাব..........................................................................

১৮।১০।২০২১

(রোজিনা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
বালাগঞ্জ, সিলেট
টেলিফোন: ০৮২২২-৫৬০০১
Email: unobalaganj@gmail.com

| ক্রমিক | জনপ্রতিনিধিবৃন্দ | ১৯/০৯/২০২১ | ২১/১০/২০২১ | ২২/১১/২০২১ | ২০/১২/২০২১ (20/12/21) | ১৩/০১/22 | ২৪/২/2022 | ১৬/০৩/22 |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | জনাব হাবিবুর রহমান<br>মাননীয় সংসদ সদস্য<br>সিলেট-৩ | [signature] | M.P. | | | | | |
| ০২. | জনাব মোঃ মোস্তাকুর রহমান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | upz [signature] | [signature] | | | | |
| ০৩. | জনাব মোঃ সামছ উদ্দিন<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | [signature] |
| ০৪. | জনাব সেরু আক্তার মনি<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ০৫. | চেয়ারম্যান<br>পূর্ব পৈলনপুর ইউপি | [signature] | [signature] | [signature] ২২/১১/২১ | [signature] ২০/১২/২১ | [signature] ১৩/০১/22 | [signature] 24.02.22 | [signature] ১৬/০৩/২০২২ |
| ০৬. | চেয়ারম্যান,<br>বোয়ালজুড় ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] 22 | [signature] 22 | [signature] 22 |
| ০৭. | চেয়ারম্যান<br>দেওয়ান বাজার ইউপি | [signature] ১৯/০৯/২১ | [signature] | [signature] ২২/১১/২১ | [signature] | | [signature] ২৪/২/২২ | [signature] |
| ০৮. | চেয়ারম্যান<br>পশ্চিম গৌরীপুর ইউপি | [signature] 19-09-2021 | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯. | চেয়ারম্যান<br>বালাগঞ্জ ইউপি | [signature] ১৯.০৯.২১ | [signature] | | [signature] 20.12.21 | [signature] 13.01.22 | | |
| ১০ | চেয়ারম্যান<br>পূর্ব গৌরীপুর ইউপি | [signature] ১৯/০৯/২০২১ | [signature] ২১/১০/২০২১ | [signature] ২২/১১/২০২১ | [signature] 20/12/2021 | [signature] ১৩/০১/2022 | [signature] ২৪/০২/22 | [signature] ১৬/০৩/22 |

| ক্রঃ | কর্মকর্তাবৃন্দ | ১২/০৯/২০২১ | ২৮/১০/২০২১ | ২২/১১/২১ | ২০/১২/২০২১ | ২৬/০১/২২ | ২৪/২/২০২২ | ২৩/০৩/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার | | | | | | | |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] ১৩/৩/২২ |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] ২০/১২/২০২১ | | [signature] ২৪/২/২০২২ | |
| ০৪. | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫. | উপজেলা মৎস্য কর্মকর্তা | [signature] | — | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৬. | উপজেলা প্রকৌশলী | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ০৭. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] ২৩/০৩/২২ |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | [signature] | [signature] | — | [signature] | [signature] | [signature] | |
| ০৯. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [signature] | [signature] ২৮/১০/২১ | [signature] | [signature] | [signature] | [signature] ২৪/২/২২ | [signature] ২৩/০৩/২২ |
| ১১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | — | — | [signature] | [signature] | [signature] ২৬/১/২২ | | |
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] ২৪/২/২২ | [signature] ২৩/৩/২২ |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | | | | | |
| ~~১৫~~ | ~~উপজেলা যুব উন্নয়ন ক~~ | | | | | | | |

| ক্র: | কর্মকর্তাবৃন্দ | ১৯/০৯/২০২১ | ১৯/১০/২০২১ | ২১/১১ | ২২/১১/২০২১ | ২০/১২/২০২১ | ২৬/০১/22 | ১৪/২/২০২২ | ১৪/০৬/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৫. | উপজেলা সমবায় কর্মকর্তা- | [signature] | [signature] | | [signature] | – | [signature] | [signature] | [signature] |
| ১৬. | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] 13.01.2022 | [signature] 14.02.2022 | [signature] 14/06/2022 |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] [illegible]/06/2022 |
| ১৮. | প্রশাসনিক কর্মকর্তা– | [signature] [illegible] | [signature] [illegible] | | [signature] 22/11/21 | [signature] 20/12/21 | | | [signature] 20/06/22 |
| ১৯. | সমন্বয়কারী/ব্যবস্থাপক আমার বাড়ি আমার খামার প্র: | [signature] [illegible] | [signature] | | [signature] 22/11/21 | [signature] 20/12/21 | [signature] 26/01/2022 | [signature] [illegible] | [signature] [illegible]/22 |
| ২০. | তথ্যসেবা কর্মকর্তা– | | | | | | | | |
| ২১. | বন কর্মকর্তা– | | | | | | | | |